দৈনিক ইনকিলাব

তারিখ 0 9 MAY 2008
পৃষ্ঠা ১৩ কলাম ৩

# জয়পুরহাটে ননএমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষকদের মানববন্ধন

**কালাই (জয়পুরহাট) উপজেলা সংবাদদাতা**

জয়পুরহাটে ননএমপিওভুক্ত মাদ্রাসা শিক্ষকদের বেতন-ভাতা ও স্বীকৃতি প্রদানের দাবীতে গত সোমবার জয়পুরহাট কেন্দ্রীয় শহীদ মিনারে সকাল ১১টায় এক মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। কর্মসূচী চলাকালে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষকদের মাঝে বক্তব্য রাখেন প্রিন্সিপাল মাওলানা আবু তাহের, মাওলানা মোঃ সাইদুল ইসলাম, মাওলানা মোঃ মোজাম্মেল হোসেন, মোঃ আব্দুল হান্নান, মোঃ মাসুদুল আলম, জিএম মকবুল প্রমুখ। বক্তাগণ বলেন, সারা বাংলাদেশে মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় ৩২ হাজার, এর মধ্যে স্বীকৃতিপ্রাপ্ত ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় ১২ হাজার। কিছু স্বীকৃতিপ্রাপ্ত ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বয়স ৮ থেকে ১২ বছর। এসব প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীরা সরকারী কোন বেতন-ভাতাদি না পাওয়ায় বর্তমানে মানবেতর ও দুস্থ জীবনযাপন করেছেন। উপরোক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তির লক্ষ্যে যাবতীয় শর্তাদি পূরণ রয়েছে। যথাযথ কর্তৃপক্ষের নিকট সংগঠনের পক্ষ হতে ও ব্যক্তিগতভাবে প্রতিষ্ঠানের পক্ষ হতে আবেদন করার পরও আজঅবধি এমপিওভুক্তির কোন সুনির্দিষ্ট প্রক্রিয়া গ্রহণ করা হয়নি।